



## জুলাই অভ্যুত্থানের পর দুর্নীতি হ্রাস, তবে শেকড় এখনো অটুট: টিআই প্রধান



সংগৃহীত ছবি

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের (টিআই) আন্তর্জাতিক পরিচালনা পর্যদের চেয়ারপারসন ফ্রাঁসোয়া ভ্যালেরিয়া বলেছেন, জুলাই অভ্যুত্থানের পর বাংলাদেশে দুর্নীতি কিছুটা কমলেও পুরোপুরি নির্মূল হয়নি। অন্তর্বর্তী সরকারের কিছু উপদেষ্টার বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন রয়েছে। তিনি অর্থ পাচার, গণতান্ত্রিক শাসনব্যবস্থা দুর্বল হওয়া ও মব ভায়োলেন্স নিয়ে উদ্বেগ প্রকাশ করেন।

বাংলাদেশ সফররত টিআই আন্তর্জাতিক পরিচালনা পর্যদের চেয়ারপারসন ফ্রাঁসোয়া ভ্যালেরিয়া বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) সকালে রাজধানীর ধানমন্ডির টিআইবি কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বলেন, “বাংলাদেশে দুর্নীতি এখনও বিদ্যমান। তবে জুলাই অভ্যুত্থানের পর এর মাত্রা কিছুটা হ্রাস পেয়েছে।”

তিনি জানান, অন্তর্বর্তী সরকারের কয়েকজন উপদেষ্টার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠেছে এবং এসব বিষয়ে তদন্ত চলছে। আগের সরকারের সময় পাচার হওয়া অর্থ ফিরিয়ে আনতে টিআইবি ও টিআই যৌথভাবে কাজ করছে বলেও উল্লেখ করেন তিনি।

ফ্রাঁসোয়া ভ্যালেরিয়া আরও বলেন, “দুর্নীতি রাষ্ট্রের গণতান্ত্রিক ভিত্তিকে দুর্বল করে দেয়। গণমাধ্যম ও সুশীল সমাজের ওপর হামলা, হুমকি এবং হয়রানি জবাবদিহিতাকে বাধাগ্রস্ত করে।” মব ভায়োলেন্সকে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য বড় হুমকি হিসেবে চিহ্নিত করেন তিনি।

অন্যদিকে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, ৫ আগস্টের পর ব্যাংকিং খাতে কিছু সংস্কার হয়েছে, যার ফলে অর্থ পাচার রোধে আংশিক সুরক্ষা তৈরি হয়েছে। তবে অর্থ পাচার এখনো পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি।